# উলিপুর পৌরসভা কার্যালয়

উলিপুর, কুড়িগ্রাম।

Tel: 088-582956143, E-mail Address: ulipurpaurashava@gmail.com, web site: www.pourashava.ulipur.kurigram.gov.bd

স্মারক নং- উঃপৌঃ/প্রকৌঃবিঃ/০২-০১(১)/২০২৬- ৭৭৮

তারিখঃ ০৬.০৭.২০২৬খ্রিঃ।

## পৌর-কেন্দ্রীয় বাস টার্মিনাল এবং পৌর-এলাকায় বিভিন্ন ধরনের যানবাহনের লোড-আনলোড ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উলিপুর পৌরসভাধীন পৌর-কেন্দ্রীয় বাস টার্মিনাল এবং পৌর-এলাকায় বিভিন্ন ধরনের যানবাহনের লোড-আনলোড ১৪৩৩ বাংলা সনের ১ শ্রাবণ হতে ৩০চৈত্র পর্যন্ত ৯ (নয়) মাস মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নলিখিত ক্যালেন্ডার ও শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা বিজ্ঞপ্তি উলিপুর পৌরসভার ওয়েবসাইটে https://pourashava.ulipur.kurigram.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

| দরপত্র বিক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|
| ০৭-০৭-২০২৬খ্রিঃ হতে ১৩.০৭-২০২৬খ্রিঃ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত | ১৪ জুলাই ২০২৬খ্রিঃ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত | ১৪ জুলাই ২০২৬খ্রিঃ, বিকাল ৩.০০ ঘটিকা |

**"তফশীলের বিবরণ"**

| ক্রঃ নং | তফশীলের নাম | অবস্থান | সরকারি মূল্য (৯মাসের জন্য) | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ০১ | পৌর-কেন্দ্রীয় বাস টার্মিনাল এবং পৌর-এলাকায় বিভিন্ন ধরনের যানবাহনের লোড-আনলোড (রিক্সা, অটো রিক্সা, সিএনজি, জেএস, মিশুক ব্যাতিত)। | বাস টার্মিনাল এবং পৌর-এলাকা | ১৪,৭৪,৪০০.০০ | ৩,৬০০/- |

দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ১০০% অর্থ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, উলিপুর পৌরসভা বরাবর দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল হিসাবে গণ্য হবে।

দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্য ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত তারিখে অফিস চলাকালীন সময়ে ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উলিপুর, খ) উলিপুর পৌরসভা কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরত যোগ্য) ক্রয় করা যাবে। দরপত্রসমূহ উলিপুর পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ ও একই দিন উলিপুর পৌরসভা কার্যালয়ের হলরুমে বিকাল ৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। ইজারা বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী "অফিস চলাকালীন" অত্র পৌরসভার প্রকৌশল বিভাগ হতে জানা যাবে।

**শর্তাবলী ঃ**

১। দরপত্র চূড়ান্তভাবে অনুমোদন হওয়ার পর ১৪৩৩ বাংলা সনের ৯ (নয়) মাস (পহেলা শ্রাবণ হতে ৩০চৈত্র পর্যন্ত) মেয়াদকালের জন্য পৌর-কেন্দ্রীয় বাস টার্মিনাল এবং পৌর-এলাকায় লোড-আনলোড ইজারা দেওয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত ২০২৬-২০২৭ অর্থবছরের ট্রেড লাইসেন্স সংযুক্ত করতে হবে অন্যথায় দরপত্র সরাসরি বাতিল হিসাবে গণ্য হবে।

৩। দুই বা ততোধিক দরদাতার দালিখকৃত দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

৪। দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ প্রশাসক, উলিপুর পৌরসভার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/কল ডিপোজিট আকারে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে এবং দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে।

৫। দরপত্র দাখিলের সময় সীলমোহর যুক্ত খামের উপর সংশ্লিষ্ট তফশীলের নাম, দরদাতার নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে এবং দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৬। দরপত্রে উল্লেখিত দর অংকে ও কথায় লিখতে হবে। উল্লেখিত দর অংকে ও কথায় গড়মিল বা অমিল পাওয়া গেলে কথায় লেখাকে প্রাধান্য দেওয়া হবে। ঘষামাজা/কাটাকাটি/অস্পষ্ট দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৬.০৭.২৬

চলমান পাতা

০৬/০৭/২৬

৭। দরপত্র অনুমোদন হওয়ার পর ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে প্রশাসক, উলিপুর পৌরসভার সহিত ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।

৮। বাস/ট্রাক টার্মিনালের বাহিরে বক্স বসিয়ে বা বিভিন্ন কৌশলে বাস/ট্রাক হতে টোল/ট্যাক্স আদায় করা যাবে না।

৯। দরপত্র দাতা কোনোক্রমে ইজারা প্রাপ্ত তফশিল অন্যের নিকট বন্দোবস্ত কিংবা সাব-লিজ প্রদান করতে পারবে না। যদি অনুরূপ কোন কার্যকলাপ বা শর্ত লঙ্ঘন করে তবে প্রদানকৃত সকল অর্থ বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারাদার আইনত দন্ডনীয় হবেন।

১০। দরদাতা সর্বোচ্চ দর দাখিলের পর যদি ইজারা গ্রহণে অনিচ্ছা/অনিহা প্রকাশ করে তাহলে তার দাখিলকৃত দরপত্র জামানত বাজেয়াপ্ত হবে।

১১। পৌর-পরিষদ এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ইজারাভুক্ত তফশীল পরিদর্শনের অগ্রাধিকার থাকবে এবং ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার বহি সংরক্ষণ করবেন।

১২। উপরোক্ত শর্তাবলী ছাড়াও হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ সংশ্লিষ্ট দরদাতাদের জন্য প্রযোজ্য হবে।

১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(এ. টি. এম আরিফ)
প্রশাসক
উলিপুর পৌরসভা
উলিপুর, কুড়িগ্রাম।

স্মারক নং- উঃপৌঃ/প্রকৌঃবিঃ/০২-০১(১)/২০২৬- ১৯৮/১(৩০০) তারিখঃ ০৬.০৭.২০২৬খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরীত ঃ</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ</u>

৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা (জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়), কুড়িগ্রাম।
৭। প্রশাসক, উপজেলা পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম।
৮। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
৯। সহকারী কমিশনার (ভূমি), উলিপুর, কুড়িগ্রাম।
১০। অফিসার ইনচার্জ, উলিপুর থানা, উলিপুর, কুড়িগ্রাম।
১১। জনাব .....................................নং ওয়ার্ড কার্য সম্পাদনে সহায়ক কমিটির সদস্য, উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম।
১২। নির্বাহী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ), উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম।
১৩। জনাব ..............................................................................................., সদস্য দরপত্র খোলা/মূল্যায়ন কমিটি।
১৪। কোষাধ্যক্ষ, উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম।
১৫। জনাব/মেসার্স ..........................................................................................
১৬। নোটিশ বোর্ড, অত্রাফিস।
১৭। অফিস নথি।

(এ. টি. এম আরিফ)
প্রশাসক
উলিপুর পৌরসভা
উলিপুর, কুড়িগ্রাম।